কালের কণ্ঠ

তারিখ ... 04 DEC 2013
পৃষ্ঠা 2 ... কলাম ৩

৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন করল বাংলা একাডেমি

নিজস্ব প্রতিবেদক ▶

ভাষা আন্দোলনের চেতনায় ঋদ্ধ বাংলাদেশের শিল্প-সাহিত্য ও সংস্কৃতিবিষয়ক গবেষণাধর্মী জাতীয় প্রতিষ্ঠান বাংলা একাডেমি। ১৯৫৫ সালের ৩ ডিসেম্বর জন্ম হয় প্রতিষ্ঠানটি। গতকাল মঙ্গলবার ছিল একাডেমির ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষে বিস্তারিত কর্মসূচি গ্রহণ করে বাংলা একাডেমি।

গতকাল সকাল সাড়ে ১০টায় একাডেমির ভারপ্রাপ্ত মহাপরিচালক মো. আলতাফ হোসেনের নেতৃত্বে কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি নিবেদনের মধ্য দিয়ে কর্মসূচি শুরু হয়। বিকেল ৪টায় একাডেমির কবি শামসুর রাহমান সেমিনার কক্ষে একক বক্তৃতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। একাডেমির সভাপতি ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামানের সভাপতিত্বে এতে 'ইয়াংকি বণিকদের বঙ্গবাণিজ্য ও প্রাচ্য চর্চা (১৭৮৫-১৮৩০)' শীর্ষক একক বক্তৃতা দেন ইতিহাসবিদ অধ্যাপক সিরাজুল ইসলাম।

সভাপতির ভাষণে অধ্যাপক আনিসুজ্জামান বলেন, বঙ্গবিদ্যা চর্চার ক্ষেত্রে বাংলা একাডেমি প্রতিষ্ঠালগ্ন থেকে কাজ করে আসছে। এবারের প্রতিষ্ঠাবার্ষিকী বক্তৃতার বিষয়ও এর সঙ্গে সংগতিপূর্ণ. একাডেমি শুধু আমাদের বিদ্যাচর্চা নয় বরং বিদেশিদের বঙ্গ এবং বৃহদার্থে প্রাচ্য চর্চার দিকে ফিরে তাকাতে চেয়েছে। সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন রাবেয়া বসরী ও ফারহানা শিরিন। অনুষ্ঠান সঞ্চালনা করেন ড. শাহাদাৎ হোসেন নিপু।

সংস্কৃতি সংবাদ

মান্না দেকে স্মরণ করল শিল্পকলা একাডেমি : উপমহাদেশের প্রখ্যাত কণ্ঠশিল্পী প্রয়াত মান্না দে স্মরণে গতকাল মঙ্গলবার জাতীয় চিত্রশালা মিলনায়তনে আলোচনা ও সংগীতানুষ্ঠানের আয়োজন করে শিল্পকলা একাডেমি। অনুষ্ঠানের শুরুতেই প্রয়াত শিল্পীর জীবন ও কর্মের ওপর সংক্ষিপ্ত আলোচনা করেন একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী। পরে সাংস্কৃতিক পর্বে মান্না দের গান পরিবেশন করেন শিল্পী সুজিৎ মোস্তফা, মামুন জাহিদ খান, মফিজুর রহমান, স্বরূপ, সুমন চৌধুরী, তানজিনা রুমা, মৌটুসী, রফিকুল আলম, তিমির নন্দী ও শিল্পী তপন চৌধুরী।

শিল্পিতের ত্রয়ী হুমায়ুন স্মরণ: সাংস্কৃতিক সংগঠন শিল্পিত স্মরণ করল ত্রয়ী হুমায়ুনকে। শিল্পিতের সভাপতি ওসমান গনির সভাপতিত্বে ত্রয়ী হুমায়ুন : মননে, অস্তিত্বে ও চেতনায় শিরোনামে লেখক হুমায়ুন আহমেদ, হুমায়ুন আজাদ ও অভিনেতা হুমায়ুন ফরীদিকে নিয়ে স্মরণসভার আয়োজন করা হয়। জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এটিএন বাংলার উপদেষ্টা নওয়াজীশ আলী খান। বিশেষ অতিথি ছিলেন শ্রীমঙ্গল পৌরসভার মেয়র মো. মহসিন মিয়া। হুমায়ুন আজাদের কবিতা আবৃত্তি করেন ইকতেখার আলম, ইফতি। স্বরচিত কবিতা পাঠ ও আবৃত্তি করেন শাহানা জেসমিন, সুমন সরকার, গিয়াস উদ্দিন চাষা, তাসলিমা আক্তার অগ্নিবীণা, সরকার জাহানারা ফরিদ প্রমুখ।